**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়**
**ইটনা, কিশোরগঞ্জ।**

## এক নজরে ইটনা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের কার্যক্রম

১.১ : রূপকল্প : **(Vision)**

জেন্ডার সমতা আনয়নে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।

১.২ : অভিলক্ষ : **(Mission)**

অর্থনৈতিক কর্মকান্ডে নারীর ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষতা ও যোগ্যতা অর্জনে সহায়তা করা, আইনি সহায়তা প্রদান এবং অবকাঠামোগত সুযোগ সৃষ্টি করে নারীর ক্ষমতায়নের মাধ্যমে জেন্ডার সমতা প্রতিষ্ঠা করা।

১.৩: কর্মসম্পাদনের ক্ষেত্র:

১.৩.১ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ইটনা, কিশোরগঞ্জ এর কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ

১. নারীর সামাজিক নিরাপত্তা বেষ্টনী নিশ্চিতকরণ।
২. নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।
৩. নারীর প্রতি সকল ধরণের সহিংসতা প্রতিরোধ ও নারীর অধিকার নিশ্চিতকরণ।
৪. নারীদের প্রাতিষ্টানিক সক্ষমতা বৃদ্ধিকরণ এর মাধ্যমে উদ্যোক্তা তৈরি এবং সামাজিক মূল্যায়ন নিশ্চতকরন।

## উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ইটনা, কিশোরগঞ্জ এর সুশাসন ও সংস্কারমুলক কর্মসম্পাদনের ক্ষেত্র

সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১. শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
২. ই-গভর্ন্যান্সি/উদ্ভাব কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
৩. তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
৪. অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
৫. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

## সাংগঠনিক কাঠামো

| ক্র: নং | অনুমোদিত পদের নাম | অনুমোদিত পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ০১ জন | |
| ২ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ জন | |
| ৩ | অফিস সহায়ক | ০১ জন | |

## কর্মরত জনবলের তথ্যাদি

| ক্র: নং | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | শারমিন সুলতানা সুমি | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। |
| ২ | অনুভা বিশ্বাস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | জয়িতা ফাউন্ডেশন, ঢাকায় সংযুক্ত |
| ৩ | কবির আহমেদ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | |
| ৪ | সুমিয়া আক্তার জবা | প্রশিক্ষক (ফ্যাশন ডিজাইন) | আইজিএ প্রকল্প [মাতৃত্বকালীন ছুটিতে রয়েছেন।] |
| ৫ | মো: শরিফুল ইসলাম | প্রশিক্ষক (ফ্যাশন ডিজাইন) | [আইজিএ প্রকল্পের প্রশিক্ষক সুমিয়া আক্তার জবা মাতৃত্বকালীন ছুটিতে থাকাকালীন সময়ের জন্য পদায়নকৃত] |
| ৬ | লিজা আক্তার | প্রশিক্ষক (ক্রিস্টাল শো-পিচ ও ডেকোরেটেড কেন্ডল মেকিং (মোমবাতি) | আইজিএ প্রকল্প |
| ৭ | মোঃ রেজাউল আলম | অফিস সহায়ক | আইজিএ প্রকল্প |

## বিভিন্ন কর্মসূচি/কার্যক্রমসমূহ

১। **ভিডব্লিউবি কর্মসূচি:** ১৯৯৬-৯৭ অর্থ বছর হতে সমাজের অসহায়, নির্যাতিত, তালাকপ্রাপ্ত ও দুঃস্থ মহিলাদের ভালনারেবল উইমেন্স বেনিফিট (ভিডব্লিউবি) পূর্ব নাম ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (ভিজিডি) কর্মসূচির আওতায় প্রতি ২ (দুই) বছর মেয়াদের জন্য উপকারভোগী মহিলা বাছাই করা হয়। এ কর্মসূচির আওতায় নির্বাচিত অতি দরিদ্র মহিলাদেরকে প্রতি মাসে ৩০ কেজি খাদ্য সহায়তার পাশাপাশি সামাজিক সুরক্ষার আলোকে স্থায়ীভাবে জীবনযাত্রার মান উন্নয়ন, আয়বর্ধক প্রশিক্ষণ, স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

**২০২১-২০২২ চক্রের ইটনা উপজেলায় ইউনিয়ন ভিত্তিক ভিডব্লিউবি উপকারভোগী সংখ্যা নিম্নরূপ:**

| ক্র: নং | ইউনিয়নের নাম | উপকারভোগীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ০১ নং রায়টুটী ইউনিয়ন | **২৬২ জন** | |
| ২ | ০২ নং ধনপুর ইউনিয়ন | **১৪৫ জন** | |
| ৩ | ০৩ নং মৃগা ইউনিয়ন | **২৪৮ জন** | |
| ৪ | ০৪ নং ইটনা ইউনিয়ন | **২৬৭ জন** | |
| ৫ | ০৫ নং বাদলা ইউনিয়ন | **১৭৯ জন** | |
| ৬ | ০৬ নং বড়িবাড়ী ইউনিয়ন | **১২৬ জন** | |
| ৭ | ০৭ নং এলংজুরী ইউনিয়ন | **১৪৯ জন** | |
| ৮ | ০৮ নং জয়সিদ্ধি ইউনিয়ন | **১৯৫ জন** | |
| ৯ | ১০ নং চৌগাংগা ইউনিয়ন | **১৬৬ জন** | |
| মোট | | **১৭৩৭ জন** | |

২। **দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি:** এ কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে বসবাসরত ২০-৩৫ বৎসরের ১ম ও ২য় গর্ভধারণকারী হত-দরিদ্র মায়েদের তালিকা ইউনিয়ন ভিত্তিক সরকারি বরাদ্দ মোতাবেক ভাতাভোগী বাছাই করা হয়। চূড়ান্তভাবে নির্বাচিত ভাতাভোগী মহিলাগণ তাদের নিজস্ব ব্যাংক হিসাব/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে G2P পদ্ধতিতে প্রতি মাসে ৮০০/- টাকা হারে ৩ (তিন) বৎসর পর্যন্ত ভাতার টাকা পেয়ে থাকেন। পাশাপাশি সামাজিক সুরক্ষার আলোকে স্থায়ীভাবে জীবনযাত্রার মান উন্নয়ন,

আয়বর্ধক প্রশিক্ষণ, স্বাস্থ্য ও পুষ্টি, প্রসব পূর্ব ও প্রসব পরবর্তী স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ইটনা উপজেলায় বর্তমানে সক্রিয় সর্বমোট ভাতাভোগীর সংখ্যা: ২৬৩৬ জন।

**<u>ইউনিয়ন ভিত্তিক মাতৃত্বকাল ভাতাভোগীর সংখ্যা নিম্নরূপ:</u>**

| ক্র: নং | ইউনিয়নের নাম | ২০১৬-২০১৭ অর্থবছরে উপকারভোগীর সংখ্যা | ২০১৭-২০১৮ অর্থবছরে উপকারভোগীর সংখ্যা | ২০১৮-২০১৯ অর্থবছরে উপকারভোগীর সংখ্যা | ২০১৯-২০২০ অর্থবছরে উপকারভোগীর সংখ্যা | ২০২০-২০২১ অর্থবছরে উপকারভোগীর সংখ্যা | ২০২১-২০২২ অর্থবছরে উপকারভোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ০১ নং রায়টুটী ইউনিয়ন | ৮০ জন | ৫৩ জন | ১৬ জন | ৮৩ জন | ৫৫ জন | ০৭ জন |
| ২ | ০২ নং ধনপুর ইউনিয়ন | ৮০ জন | ৫৩ জন | ১৬ জন | ৮৩ জন | ৫৫ জন | ০৭ জন |
| ৩ | ০৩ নং মৃগা ইউনিয়ন | ৮০ জন | ৫৩ জন | ১৬ জন | ৮৩ জন | ৫৫ জন | ০৭ জন |
| ৪ | ০৪ নং ইটনা ইউনিয়ন | ৮০ জন | ৫৩ জন | ১৬ জন | ৮৩ জন | ৫৫ জন | ০৭ জন |
| ৫ | ০৫ নং বাদলা ইউনিয়ন | ৮০ জন | ৫৩ জন | ১৬ জন | ৮৩ জন | ৫৫ জন | ০৭ জন |
| ৬ | ০৬ নং বড়িবাড়ী ইউনিয়ন | ৮০ জন | ৫৩ জন | ১৬ জন | ৮৩ জন | ৫৫ জন | ০৭ জন |
| ৭ | ০৭ নং এলংজুরী ইউনিয়ন | ৮০ জন | ৫৩ জন | ১৬ জন | ৮৩ জন | ৫৫ জন | ০৭ জন |
| ৮ | ০৮ নং জয়সিদ্ধি ইউনিয়ন | ৮০ জন | ৫৩ জন | ১৬ জন | ৮৩ জন | ৫৫ জন | ০৭ জন |
| ৯ | ১০ নং চৌগাংগা ইউনিয়ন | ৮০ জন | ৫৩ জন | ১৬ জন | ৮৩ জন | ৫৫ জন | ০৭ জন |
| সর্বমোট | | ৭২০ জন | ৪৭৭ জন | ১৪৪ জন | ৭৪৭ জন | ৪৯৫ জন | ৬৩ জন |

৩। **<u>উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প:</u>** উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ইটনা উপজেলায় তিন মাস (৬০ কর্মদিবস) মেয়াদী ফ্যাশন ডিজাইন এবং ক্রিস্টাল শো-পিচ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি) ট্রেডে প্রশিক্ষণ কোর্স চালু রয়েছে। প্রতি ট্রেডে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতি প্রশিক্ষণার্থীকে দৈনিক ২০০/- (দুইশত) টাকা হারে ৩ মাসে ১২,০০০/- (বার হাজার) টাকা ও সনদপত্র প্রদান করা হয়।

৪। **<u>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প:</u>** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের মাধ্যমে সমাজের বিভিন্ন স্তরের প্রান্তিক কিশোর-কিশোরীদের বাল্যবিবাহ প্রতিরোধ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধে সক্ষম, সেক্সচুয়াল রিপ্রোডক্টিভ হেলথ এন্ড রাইটস বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং আয়বর্ধক প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল ও দক্ষ মানব সম্পদে রুপান্তর করা হচ্ছে। বয়ো:সন্ধি ও উঠতি বয়সের কিশোর-কিশোরীদের বিভিন্ন সৃজনশীল, গঠনমূলক সাংস্কৃতিক কার্যক্রমের প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন প্রতিযোগীতার আয়োজনের মাধ্যমে জীবন দক্ষতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ লক্ষ্যে প্রতিটি ইউনিয়নে নিকটবর্তী বিদ্যালয়ের ১০-১৯ বছর বয়সের ২০ (বিশ) জন কিশোরী ১০ (দশ) জন কিশোর মোট ৩০ (ত্রিশ) জনের সমন্বয়ে ক্লাব সদস্য নির্বাচন করা হয়। ইটনা উপজেলায় ০৯ টি ইউনিয়নে একটি করে মোট ০৯ টি কিশোর-কিশোরী ক্লাব প্রতিষ্ঠা করা হয়েছে। এতে ২৭০ জন কিশোর কিশোরী রয়েছে।

৫। **<u>মহিলাদের আত্ন-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম</u>:** এ কর্মসুচীর আওতায় সদর কার্যালয় হতে ৯১৪৫৬৬.৫৮ (নয় লক্ষ চৌদ্দ হাজার পাচশত ছিষট্টি দশমিক পাচ আট) টাকা বরাদ্দ পাওয়া যায়। ঘূর্ণায়মান হিসাবে এ পর্যন্ত ১৪৪ জনের মধ্যে ১০,৫২,০০০.০০ টাকা বিতরণ করা হয়েছে। ৫% সার্ভিস চার্জে

সর্বনিম্ন ৫০০০.০০ হতে সর্বোচ্চ ১৫০০০.০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হয়ে থাকে। এ পর্যন্ত আদায়: ৭১৭৬২৯.০০, খেলাপী: ৩,৬৮৫৪৪.০০ টাকা, ব্যাংক স্থিতি: ৬৫৮৪৯৮.৭৮। ঋণ বিতরন কার্যক্রম চলমান রয়েছে।

৬। **স্বেচ্ছাসেবী মহিলা সমিতি:** অত্র উপজেলায় মোট ০৩ টি নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতি রয়েছে। বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ হতে প্রতি বৎসর সমিতির মাঝে আবেদনের প্রেক্ষিতে সাধারণ অনুদান ও বিশেষ অনুদান দেওয়া হয়। ২০২০-২১ অর্থবছরে ০৩ টি সমিতিতে =৯০,০০০/- অনুদান বিতরন করা হয়েছে।

৭। **জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক কার্যক্রম:** এ কার্যক্রমের আওতায় প্রতি বছর ৫ (পাঁচ) টি ক্যাটাগরিতে ০৫ জন জয়িতা নির্বাচন করা হয়।

**ক্যাটাগরি নিম্নরূপ:**

| ক্র: নং | ক্যাটাগরির নাম | মন্তব্য |
|---|---|---|
| ১ | অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী | |
| ২ | শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী | |
| ৩ | সফল জননী নারী | |
| ৪ | নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী | |
| ৫ | সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী | |

৮। **নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম:** নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে জনসচেতনতামূলক উঠান বৈঠকসহ নির্যাতিত নারীদের আইনি সহায়তা প্রাপ্তিতে পরামর্শ ও সহায়তা প্রদান করা হয়। এছাড়া নিয়মিত যৌতুক, ইভটিজিং, মাদক, এসিড সন্ত্রাস, জঙ্গিবাদ বিষয়ে জনসচেতনতামূলক ক্যাম্পেইন, সেমিনার ও উঠান বৈঠক করা হয়। এছাড়া কোর্ট হইতে প্রাপ্ত মামলা সমূহের তদন্ত করা হয়। স্থানীয়ভাবে নারী ও শিশু নির্যাতনের অভিযোগের ভিত্তিতে আইনগত ব্যবস্থা নেওয়া হয়।

৯। **বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত কার্যক্রম:** বাল্যবিবাহ নিরোধে প্রতিমাসে উপজেলা বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত উপজেলা কমিটির সভা আহবান করা হয়। এছাড়া স্থানীয় জনপ্রতিনিধিদের মাধ্যমে বাল্যবিবাহ নিরোধে সামাজিক সচেতনতামূলক ক্যাম্পেইন, সেমিনার ও উঠান বৈঠক করা হয়। কিশোর-কিশোরী ক্লাবে বাল্যবিবাহ নিরোধে জনপ্রতিনিধি, সুশীল সমাজ ও অভিভাবকদের সমন্বয়ে নিয়মিত সভা/সমাবেশ করা হয়।

১০। **নারী ও শিশু পাচার প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম:** নারী ও শিশু পাচার প্রতিরোধে নিয়মিত উপজেলা নারী ও শিশু পাচার প্রতিরোধ সংক্রান্ত কমিটির সভা করা হয়। এছাড়া নারী ও শিশু পাচার প্রতিরোধে সামাজিক সচেতনতা সৃষ্টিতে উঠান বৈঠক, সভা ও সেমিনার করা হয়।